

মির্জাগঞ্জ মাদ্রাসা ছাত্রীকে অপহরণ চেষ্টা ৫ জনের বিরুদ্ধে মামলা দায়ের

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা
মির্জাগঞ্জ উপজেলার কপালবেড়া
দাখিল মাদ্রাসার দশম শ্রেণীর ছাত্রী ও
চেনাবুনিয়া গ্রামের মৃত মোতালেব
মল্লিকের মেয়ে নিলুফা বেগমকে (১৬)
অপহরণের চেষ্টার অভিযোগে
আদালতের নির্দেশে গত ২১শে মার্চ
মির্জাগঞ্জ থানায় একটি মামলা দায়ের
করা হয়েছে। ৫ জনের বিরুদ্ধে এ
মামলা দায়ের করা হয়।

অভিযোগে প্রকাশ, আসামি মিলন
মুখা, আবুল হোসেন, মনির, কাদের ও
ইসাহাক গত ১৮ই ফেব্রুয়ারি রাত ৮টার

দিকে একই গ্রামের মাদ্রাসা ছাত্রী
নিলুফাকে তাদের ঘরে ঢুকে টানহেঁচড়া
করে অপহরণের চেষ্টা চালায়। নিলুফার
চিৎকারে দুর্বৃত্তরা পালিয়ে যায়। এ
ব্যাপারে নিলুফার মা ফাতেমা বেগম
বাদি হয়ে পটুয়াখালী জজ আদালতে
একটি মামলা দায়ের করেন।

ছাত্রদল নেতা শেফতার

গত ২১শে মার্চ সকাল ১০টার দিকে
কলাপাড়া থানা পুলিশ লঞ্চঘাট এলাকা
থেকে কলাপাড়া উপজেলা সাবেক
ছাত্রদল নেতা জাকির হোসেন বাদলকে
(২৬) শেফতার করেছে।